

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়

টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- ১৪.৩৩.০০০০.০২৭.১১.০০১.২১-২০

তারিখঃ ৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

২১ অক্টোবর ২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড, (বিটিসিএল) এর নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের নাম	বেতন	পদের সংখ্যা
জুনিয়র সহকারী ম্যানেজার (কারিগরি)	কোম্পানির বেতন কাঠামোর গ্রেড-৮ (২২,৪০০/- ৫৬,৬০৪/-) এবং অন্যান্য সুবিধাদি	১০০ (একশত)

প্রাথমিক প্রয়োজনীয় তথ্যাবলি:

- কারিগরি শিক্ষাবোর্ড স্বীকৃত কোন পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক/ মেকানিক্যাল / পাওয়ার/ কম্পিউটার/ টেলিকমিউনিকেশন/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি / ডাটা কমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং বিষয়ে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।
- যে সকল প্রার্থী প্রোভিং সিস্টেমে পাশ করেছেন তাদের জিপিএ/সিজিপিএ ৫.০ (পাঁচ) স্কেলে ন্যূনতম ৩.৫ (তিন দশমিক পাঁচ) এবং ৪.০ (চার) স্কেলে ন্যূনতম ২.৫ (দুই দশমিক পাঁচ) থাকতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নয়।
- কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে সমমানের বলে দাবি করলে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ (তিরিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র- কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ৩২ (বত্রিশ) বছর। বিটিসিএল' এর কর্মে নিয়োজিত আছেন এমন যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের শেষ দিন বয়স সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারী কোন প্রার্থীর যদি একাধিক দেশের নাগরিকত্ব থাকে এবং তন্মধ্যে বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকে তবে তিনি আবেদন করতে পারবেন।
- আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিল ও টেলিটক মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৯০০/= (নয়শত) টাকা প্রদান করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের বিস্তারিত নিয়মাবলি বিটিসিএল এর পোর্টাল www.btcl.gov.bd/career এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিটিসিএল এর কোন দপ্তরে সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার মান ৮০ (আশি)। লিখিত পরীক্ষায় পাস নম্বর হবে ন্যূনতম ৫০% অর্থাৎ ৪০ (চল্লিশ)। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য থেকে মেধাক্রম অনুসারে প্রথম ৩০০ (তিনশত) জনকে মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। তবে ৩০০ (তিনশত) তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- মৌখিক পরীক্ষার মান ২০ (বিশ)। মৌখিক পরীক্ষার পাস নম্বর ১০ (দশ)। কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে লিখিত পরীক্ষায় যত নম্বরই পান না কেন তিনি চূড়ান্তভাবে অকৃতকার্য হয়েছেন বলে বিবেচিত হবেন।
- লিখিত ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বিটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিতরা মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় মোবাইল ফোনে এস.এম.এস (SMS) এর মাধ্যমে নোটিফিকেশন পাবেন।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি, আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তি/ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড এবং পলিটেকনিক ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।
- লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় হিসেবে গণ্য হবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃনিরীক্ষণের কোন সুযোগ নেই।
- মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে পরিচালনা পর্ষদ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলে প্রত্যয়িত হতে হবে।
- নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীর পূর্ব কার্যকলাপ কোম্পানির চাকরিতে নিয়োগলাভের জন্য উপযুক্ত কিনা তা যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত করা হবে।
- নিয়োগলাভের পর যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে।
- বিটিসিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগের আবেদন গ্রহণ কার্যক্রম ২৫/১০/২০২১ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে শুরু হয়ে ২৪/১১/২০২১ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে।

মোঃ মাহবুদুল হক
জিএম (নিয়োগ ও প্রশিক্ষণ)

২৩/১০/২০২১